

পরিপত্র

অষ্টম শ্রেণীর বার্ষিক পরীক্ষা ও জুনিয়র বৃত্তি পরীক্ষার পরিবর্তে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমান পরীক্ষা অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক করা হয়েছে। দেশের বিভিন্ন অঞ্চলে শিক্ষা বোর্ডের অনুমোদন এখনো পায়নি এ রকম জুনিয়র স্কুল/কিডার গার্টেন/মাদ্রাসায় অষ্টম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্যও জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমান পরীক্ষায় অংশগ্রহণের বিষয়টি সমভাবে প্রযোজ্য বিধায় অনুমোদন না পাওয়া এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসার মাধ্যমে জেএসসি বা সমমান পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এজন্য অনুমোদন না পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ নিজ নিজ এলাকার শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগ করবেন। অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের সাথে যোগাযোগ করে অনুমোদন না পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের জন্য সকল ব্যবস্থা গ্রহণ করবেন।

২। জেএসসি বা সমমান পরীক্ষার জন্য শিক্ষার্থী প্রতি সরকার/বোর্ড কর্তৃক নির্ধারিত ফি ১৫০/- টাকা। এছাড়াও যে সকল অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অনুমোদন না পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা জেএসসি বা সমমান পরীক্ষায় অংশগ্রহণ করবে, সে সকল অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান অনুমোদন না পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী প্রতি ৫০/- টাকা অতিরিক্ত ফি গ্রহণ করতে পারবে। এর অতিরিক্ত কোন ফি প্রদেয় হবে না।

৩। ইহা জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


স্বাক্ষরিত : ১৫/০৬/২০১০
(সেয়দ আতাউর রহমান)
সচিব

সংখ্যা- শিম/শাঃ১১/৩-৬/২০০৯/৪৬১/(১৪)

তারিখ : ০১ আষাঢ় ১৪১৭
১৫ জুন ২০১০

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

- ১। কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, এসইএসডিপি/সেকায়েপ/টিকিউআই-এসইপি, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম/দিনাজপুর।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ✓ ৯। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে পরিপত্রটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- (সকল অঞ্চল)।
- ১১। জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।
- ১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
- ১৪। লাইব্রেরিয়ান, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে পরিপত্রটি সংরক্ষণের অনুরোধসহ)।


(মোঃ আইয়ুব হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫০৩৪১।